**"সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এর বিজ্ঞাপিত পদগুলো শুধুমাত্র বিভাগীয় কোটায় পূরণযোগ্য।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
**www.bpsc.gov.bd**

# বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.১১১.১১.০০১.২০২৩(অংশ-১/২৪)- ৬২

তারিখ : ২৯ শ্রাবণ ১৪৩২ / ১৬ আগস্ট ২০২৫

**বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভাগীয় কোটায় পূরণযোগ্য "সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (১০ম গ্রেড)" পদের প্রার্থীদের বাছাই পরীক্ষার (MCQ Type) কেন্দ্র, সময়সূচি, আসন বিন্যাস ও নির্দেশাবলি।**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের **বিভাগীয় কোটায় পূরণযোগ্য "সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (১০ম গ্রেড)"** পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে গত ২৬.০৬.২০২৩ তারিখের ৪০ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তি এবং পরবর্তীতে ২৭.০৬.২০২৪ তারিখের ১০২ নম্বর স্মারকে সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে অনলাইনে আবেদনকারী বিভাগীয় প্রার্থীদের MCQ ধরনের বাছাই পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে/হলে বর্ণিত তারিখ, সময়সূচি ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে :

ক. পরীক্ষার তারিখ : ০৬.০৯.২০২৫ খ্রিস্টাব্দ রোজ শনিবার
খ. সময় : বেলা ১১:০০ মিনিট থেকে দুপুর ১২:০০ মিনিট পর্যন্ত (১ ঘণ্টা)
গ. পূর্ণমান : ১০০ নম্বর
ঘ. কেন্দ্র : ঢাকা

**২. হল ভিত্তিক আসন ব্যবস্থা:**

| ক্র: নং | পরীক্ষার কেন্দ্র/হলের নাম | রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ১. | নৌবাহিনী কলেজ, মিরপুর-১৪, ঢাকা সেনানিবাস, ঢাকা। | 000001 – 002200 | ২২০০ |
| ২. | শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা (পরীক্ষার্থীদের মিলিটারী ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস (এমইএস) গেইট দিয়ে প্রবেশ করতে হবে) | 002201 – 003539 | ১৩৩৯ |
| ৩. | ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা (পরীক্ষার্থীদের প্রতিষ্ঠানের পকেট গেইট (ইসিবি সংলগ্ন)/ মিলিটারী ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস (এমইএস) গেইট দিয়ে প্রবেশ করতে হবে) | 003540 – 006539 | ৩০০০ |
| ৪. | মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মিরপুর, ঢাকা। | 006540 – 010581 | ৪০৪২ |
| ৫. | লালবাগ সরকারী মডেল স্কুল এন্ড কলেজ, ৪৩/২, আরএনডি রোড, লালবাগ, ঢাকা। | 010582 – 012781 | ২২০০ |
| ৬. | সরকারী মাদ্রাসা-ই-আলীয়া, ১/২, অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা | 012782 – 014381 | ১৬০০ |
| ৭. | উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, সেক্টর-৭, রোড-১ ও ২৭, উত্তরা মডেল টাউন, ঢাকা। | 014382 – 016381 | ২০০০ |
| ৮. | সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, কুর্মিটোলা, ঢাকা-১২২৯। | 016382 – 018381 | ২০০০ |
| ৯. | কুর্মিটোলা হাই স্কুল এন্ড কলেজ, খিলক্ষেত, ঢাকা ১২২৯। | 018382 – 020381 | ২০০০ |
| ১০. | নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ, শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা মডেল টাউন, ঢাকা। | 020382 – 022881 | ২৫০০ |
| ১১. | পল্লবী মাজেদুল ইসলাম মডেল হাই স্কুল, পল্লবী মিরপুর, ঢাকা। | 022882 – 024381 | ১৫০০ |
| ১২. | হযরত শাহ আলী উচ্চ বালিকা বিদ্যালয়, সেকশন-১, মিরপুর, ঢাকা ১২১৬। | 024382 –025881 | ১৫০০ |
| ১৩. | মিরপুর গার্লস আইডিয়াল কলেজ, মিরপুর-১০, ঢাকা-১২১৬। | 025882 –028381 | ২৫০০ |
| ১৪. | গ্রীনফিল্ড স্কুল এন্ড কলেজ, প্লট-৩, ব্লক-সি, এভিনিউ-২, মিরপুর-১০, ঢাকা ১২১৬। | 028382 – 030381 | ২০০০ |

পৃ:

| ক্র: নং | পরীক্ষার কেন্দ্র/হলের নাম | রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ১৫. | কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজ, মিরপুর, ঢাকা-১২০৭। | 030382 – 031581 | ১২০০ |
| ১৬. | মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মিরপুর-১, ঢাকা-১২১৬। | 031582 – 200524 | ১১০০ |
| ১৭. | মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ (বালক শাখা) সেকশন-১১, পল্লবী, ঢাকা-১২১৬ | 200525 – 203524 | ৩০০০ |
| ১৮. | মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ (বালিকা শাখা) সেকশন-৬, পল্লবী, ঢাকা। | 203525 – 205024 | ১৫০০ |
| ১৯. | মিরপুর ডেভেলপমেন্ট কমিটি [এম. ডি. সি.] মডেল স্কুল এন্ড কলেজ, ১২-বি, পল্লবী ঢাকা। | 205025 – 206424 | ১৪০০ |
| ২০. | মডেল একাডেমি, প্রিন্সিপাল আবুল কাশেম সড়ক, পাইকপাড়া সরকারী (ডি-টাইপ) কলোনী, মিরপুর-১, ঢাকা। | 206425 – 208324 | ১৯০০ |
| ২১. | ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, প্রিন্সিপাল আবুল কাশেম সড়ক, মিরপুর-১, ঢাকা। | 208325 – 209624 | ১৩০০ |
| ২২. | আজিমপুর গভ: গার্লস স্কুল এন্ড কলেজ, আজিমপুর, ঢাকা। | 209625 – 301171 | ২৫০০ |
| ২৩. | গভর্নমেন্ট কলেজ অব অ্যাপ্লাইড হিউমেন সায়েন্স(সাবেক গার্হস্থ্য অর্থনীতি কলেজ), আজিমপুর, ঢাকা। | 301172 – 303171 | ২০০০ |
| ২৪. | সরকারী টিচার্স ট্রেনিং কলেজ, ধানমন্ডি, ঢাকা। | 303172 – 304671 | ১৫০০ |
| ২৫. | ধানমন্ডি গভ: বয়েজ হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা। | 304672 – 306671 | ২০০০ |
| ২৬. | ডক্টর মালিকা কলেজ, ৭/এ, ধানমন্ডি, ঢাকা। | 306672 – 400661 | ১২০০ |
| ২৭. | মোহাম্মদপুর কমার্শিয়াল ইন্সটিটিউট সরকারী মাধ্যমিক বিদ্যালয়, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা। | 400662 – 401861 | ১২০০ |
| ২৮. | মোহাম্মদপুর উচ্চ বালিকা বিদ্যালয়, নূরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা। | 401862 – 403661 | ১৮০০ |
| ২৯. | মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ৩১২/৩, নূরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা। | 403662 – 405861 | ২২০০ |
| ৩০. | ঢাকা স্টেট কলেজ, প্লট ১/৩, ব্লক-ই, নূরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা। | 405862 – 407161 | ১৩০০ |
| ৩১. | আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, কাদেরাবাদ হাউজিং, কাটাসুর, মোহাম্মদপুর, ঢাকা। | 407162 – 408561 | ১৪০০ |
| ৩২. | মোহাম্মদপুর সরকারী কলেজ, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা। | 408562 – 500754 | ১৬০০ |
| ৩৩. | মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা। | 500755 – 501754 | ১০০০ |
| ৩৪. | রাজধানী উচ্চ বিদ্যালয়, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা। | 501755 – 502972 | ১২১৮ |
| ৩৫. | লালমাটিয়া গার্লস হাই স্কুল এন্ড কলেজ, ৯/১৫, ব্লক-ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা। | 502973 – 504972 | ২০০০ |
| ৩৬. | খিলগাঁও মডেল কলেজ , ব্লক-সি, ৭২১/১, খিলগাঁও চৌরাস্তা, ঢাকা। | 504973 – 600491 | ৩০০০ |
| ৩৭. | খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজ, খিলগাঁও, ঢাকা। | 600492 – 602491 | ২০০০ |
| ৩৮. | ইস্পাহানি বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়, নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা। | 602492 – 700089 | ২২০০ |
| ৩৯. | সরকারী রূপনগর মডেল স্কুল এন্ড কলেজ, রোড-১৬, রূপনগর আ/এ, মিরপুর, ঢাকা। | 700090 – 701889 | ১৮০০ |
| ৪০. | মহাখালী মডেল হাই স্কুল, ওয়ারলেছ গেইট, মহাখালী, ঢাকা। | 701890 – 703389 | ১৫০০ |

পৃ:

| ক্র: নং | পরীক্ষার কেন্দ্র/হলের নাম | রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ৪১. | মহাখালী টিএন্ডটি মহিলা কলেজ, ওয়ারলেছ কম্পাউন্ড, মহাখালী, ঢাকা। | 703390 – 704389 | ১০০০ |
| ৪২. | তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, ফার্মগেট, ঢাকা। | 704390 – 706389 | ২০০০ |
| ৪৩. | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা। | 706390 – 708889 | ২৫০০ |
| ৪৪. | তেজগাঁও আদর্শ স্কুল এন্ড কলেজ, ৪৪৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। | 708890 – 711089 | ২২০০ |
| ৪৫. | শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা। | 711090 – 800842 | ২০০০ |
| ৪৬. | শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা। | 800843 – 803042 | ২২০০ |
| ৪৭. | আগারগাঁও তালতলা সরকারী কলোনী উচ্চ বিদ্যালয় ও কলেজ (প্রস্তাবিত) | 803043 – 805542 | ২৫০০ |
| ৪৮. | ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা। | 805543 – 806542 | ১০০০ |
| ৪৯. | বিএএফ শাহীন হাজী আশরাফ আলী স্কুল, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা | 806543 – 807442 | ৯০০ |
| ৫০. | গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলানগর, ঢাকা | 807443 – 808542 | ১১০০ |
| ৫১. | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় মাল্টিপারপাস হল | 808543 – 808822 | ২৮০ |
| ৫২. | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় '৭১ মিলনায়তন | 808823 – 809000 | ১৬১ |

## ২. পরীক্ষার্থীদের প্রতি সময়ভিত্তিক কার্যক্রমের নির্দেশনা:

| ক্র: নং | সময় | পরীক্ষার্থীদের সময়ভিত্তিক কার্যক্রম |
|---|---|---|
| ১. | সকাল ৯:০০–১০:৩০ মি: | পরীক্ষার্থীকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন নিয়ে অবশ্যই নির্ধারিত পরীক্ষা হলে প্রবেশ করতে হবে। ১০:৩০ মিনিটে পরীক্ষা হলের মূল ফটক বন্ধ করে দেয়া হবে। ফলে উক্ত সময়ের পর কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না; |
| ২. | সকাল ১০:৩০ মি: | পরীক্ষার্থীদের মধ্যে উত্তরপত্র বিতরণ করা হবে এবং হাজিরা গ্রহণ করা হবে বিধায় পরীক্ষার্থীদেরকে অবশ্যই সকাল ১০:৩০ মিনিটের মধ্যেই নির্ধারিত হলের নির্ধারিত কক্ষে আসন গ্রহণ করতে হবে। উত্তরপত্রে সেট নম্বর মুদ্রিত থাকবে ও ভিন্ন রংয়ের হবে। |
| ৩. | সকাল ১০:৩০–১০:৫৫ মি: | পরীক্ষার্থী তার উত্তরপত্রে নিজ জেলা ও রেজিস্ট্রেশন নম্বর লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বরের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপেন দিয়ে পূরণ করবেন। এ সময়ে পরীক্ষার্থী হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। হাজিরা তালিকায় স্বাক্ষর না করলে উত্তরপত্র বিবেচনায় নেয়া হবে না। |
| ৪. | বেলা ১১:০০ মি: | পরীক্ষার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। একজন পরীক্ষার্থী একই রং ও সেটের প্রশ্ন পাবেন। পরীক্ষার্থী উত্তরপত্রের রং ও সেট নম্বরের সাথে প্রশ্নপত্রের রং ও সেট নম্বর মিলিয়ে নিবেন। উত্তরপত্রের সেট নম্বর ও রং এবং প্রশ্নপত্রের সেট নম্বর ও রং এক ও অভিন্ন নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তরদান শুরু করবেন। |
| ৫. | দুপুর ১২:০০ মি: | দুপুর ১২:০০ মিনিটে পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা স্বাস্থ্যবিধি অনুসরণ করে নির্দিষ্ট শারীরিক দূরত্ব বজায় রেখে ধীরে ধীরে পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীরা প্রশ্নপত্র নিয়ে যাবেন। |

## ৩. পরীক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশনা:

১. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের "সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (১০ম গ্রেড)" বিজ্ঞাপিত পদগুলো শুধুমাত্র বিভাগীয় কোটায় পূরণযোগ্য। অনলাইনে আবেদনকারীদের মধ্যে যারা বিভাগীয় প্রার্থী নন তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন নেই।

২. পরীক্ষার্থীগণ কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd হতে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন;

৩. পরীক্ষার দিন সকাল ৯:০০-১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্র ও কালো কালির বলপেন নিয়ে অবশ্যই নির্ধারিত হলের পরীক্ষা কক্ষে উপস্থিত হতে হবে। ১০:৩০ মিনিটে পরীক্ষা হলের মূল ফটক বন্ধ করে দেয়া হবে। ফলে উক্ত সময়ের পর কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না;

৪. প্রবেশপত্রে বর্ণিত নির্দেশাবলি পরীক্ষার্থী মনোযোগের সাথে পড়বেন এবং অনুসরণ করবেন;

৫. প্রবেশপত্র এবং নির্ধারিত হল/কক্ষ ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;

৬. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা, ব্যাগ ও কোন প্রকার যোগাযোগ যন্ত্র নিয়ে কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না;

৭. পরীক্ষার সময় পরীক্ষার্থী কানের ওপর কোন আবরণ রাখবেন না, কান খোলা রাখবেন। কানে কোন ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ পরীক্ষার পূর্বে কমিশনের অনুমোদন গ্রহণ করবেন;

৮. পরীক্ষা হলের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ সকল নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মধ্যে দিয়ে পরীক্ষার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে হবে।

৯. পরীক্ষার্থীর কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন বিবেচনা করা হবে না;

১০. কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ প্রবেশ করলে এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন আইন, ২০২৩ এর ধারা-১০, ১১, ১২, ১৩ ও ১৪ অনুযায়ী কোন অপরাধ সংঘটন করলে বা সংঘটনে সহায়তা করলে, তিনি যে ধারার অধীন অপরাধ সংঘটন করবেন বা সংঘটনে সহায়তা করবেন সে ধারায় বর্ণিত দন্ডে দন্ডিত হবেন;

১১. উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ঠিকভাবে না লিখলে এবং ঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে, কোনরূপ সাংকেতিক চিহ্ন প্রদান করলে প্রার্থিতা বাতিল হবে;

১২. পরীক্ষায় মোট ১০০ (একশত) টি MCQ Type প্রশ্ন থাকবে। একজন পরীক্ষার্থী একই রং ও সেটের প্রশ্ন পাবেন। পরীক্ষার্থী উক্তরূপে প্রশ্ন প্রাপ্তি নিশ্চিত হয়ে উত্তরদান শুরু করবেন। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন। ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর করে কাটা হবে;

১৩. প্রশ্নপত্র বিতরণের পর পরীক্ষা শেষ (দুপুর ১২.০০ মিনিট) না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না;

১৪. **দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থীদের শ্রুতিলেখকদের ক্ষেত্রে ১০ মিনিট অতিরিক্ত সময় দেয়া হবে এবং অন্যান্য প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫ মিনিট অতিরিক্ত সময় দেয়া হবে;**

১৫. নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী কোন পরীক্ষার্থীর আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল হবে; এবং

১৬. কোন পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে এবং User ID/Password ভুলে গেলে কমিশনের Website এর সংশ্লিষ্ট Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery ও Password Recovery অপশন দেখা যাবে। উক্ত অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে প্রয়োজনীয় এবং কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে এবং প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করতে পারবেন।

২৩/০৮/২০২৫

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)